




!! নোটিশ !!

এতদ্বারা অত্র পৌরসভার বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৮/০৯/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১০.০০ ঘটিকার সময় পৌর কালাচাঁদ সভাকক্ষে উক্ত কমিটির এক সভার আয়োজন করা হয়েছে। আয়োজিত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আলোচ্য বিষয় :

- ১। বাজার মূল্য নিয়ন্ত্রন প্রসংগে।
- ২। ভ্রাম্যমান আদালত পরিচালনা প্রসংগে।
- ৩। বিবিধ।

সদস্য গণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃ নং	নামঃ	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা।	
০২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
০৩	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
০৪	জনাব মোঃ সোহেল রানা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	

Rakib
5.9.21
(মোঃ শাকিল রাব্বী)

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি

মেহেরপুর পৌরসভা।

উপস্থিত সদস্য গনের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ১৫/০৬/২০২১ খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্য বৃন্দকে জানান যে, বর্তমানে বর্ষা মৌসুম বৃষ্টি বেশি হওয়ায় শাকসবজির উৎপাদন বৃদ্ধি পেয়েছে তবে কাঁচা মরিচ উৎপাদন কম হওয়ায় দাম প্রচুর বৃদ্ধি পেয়েছে। এছাড়া মেহেরপুর বড়বাজারের কাঁচা বাজারে প্রচুর শাক সবজি আমদানী হচ্ছে। সবজি উৎপাদনকারী তথা বিক্রেতাগন যাতে ন্যায্য মূল্য পায় এবং ক্রেতাগন যাতে অধিক মুলে ক্রয় না করে সে কারণে বাজার মনিটরিং করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনান্তে অত্র পৌরসভার স্যানিটাবী ইন্সপেক্টর মেহেরপুর পৌরসভাকে সপ্তাহে কমপক্ষে দুই দিন বাজার মনিটরিং করার জন্য দায়িত্ব অর্পন করা হলো।

সভায় জনাব মোছাঃ শিউলী খাতুন, ৪, ৫ ও ৬নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর জানান যে, মেহেরপুর বড় বাজারের কাঁচা বাজারে প্রচুর সবজি আমদানী হওয়ায় বাজারের মধ্যে এবং প্রবেশ পথে অতিরিক্ত সবজি ও ময়লা আবর্জনা পড়ে থেকে দুর্গন্ধের সৃষ্টি করে যার ফলে ব্যবসায়ী, ক্রেতা ও চাষীদের বাজারে আসতে দারুন অসুবিধার সম্মুখীন হতে হয়। উক্ত বাজারে যাতে সকলের চলাচলে যাতে বিঘ্নের সৃষ্টি না হয় ও পরিষ্কার পরিচ্ছন্ন থাকে সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনার পর প্রত্যহ সকালে ও বিকেলে ময়লা আবর্জনা গার্বেজ ট্রাক দ্বারা অপসারণ করে নেয়ার জন্য কঞ্জারভেসী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভাকে দায়িত্ব অর্পন করা হলো।

মেয়র, মেহেরপুর পৌরসভা সভায় আরো জানান যে, স্টেশনারী দোকানের মালামাল বিশেষ করে প্রসাধনী সামগ্রী বা যে কোন ধরনের ফাস্টফুড দ্রবাদী মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিনা প্রতিটি ক্রেতা যাতে দেখে ক্রয় করে সে জন্য পৌর ডিজিটাল সাউন্ড সিষ্টেমের মাধ্যমে প্রচার অব্যাহত থাকবে। এ বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনার জন্য অত্র পৌরসভার সহকারী কর আদায়কারী জনাব মোঃ সফিউদ্দিনকে দায়িত্ব অর্পন করা হলো।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rakel's 8.9.21
(মোঃ শাকিল রাব্বী)

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

- ১। মেয়র, মেহেরপুর পৌরসভা।
- ২। জনাব হামিদা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ২। জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
- ৪। জনাব মোঃ সোহেল রানা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।